সংবাদ

তারিখ ২৪ AUG 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

কৃষি বিশ্ববিদ্যালয়

উপাচার্যের অপসারণ দাবি, নানা অভিযোগ

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ) ২৩শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধের পক্ষের শিক্ষকদের সংগঠন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম বর্তমান উপাচার্য শাহ মোঃ ফারুকের অপসারণ দাবি করে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে।

সংগঠনের সভাপতি অধ্যাপক ডঃ আনোয়ারুল ইসলাম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ডঃ সৈয়দ সাখাওয়াত হোসেন স্বাক্ষরিত স্মারকলিপিতে উপাচার্যের বিরুদ্ধে স্বজনপ্রীতি, দলীয়করণ, সন্ত্রাস, লালন, অর্থনৈতিক দুর্নীতিসহ রাষ্ট্রীয় শোক দিবস পালনে অনীহার অভিযোগ আনা হয়েছে।

উপাচার্যের স্বজনপ্রীতি, দলীয়করণ ও সন্ত্রাস লালন প্রসঙ্গে বলা হয়েছে, অধ্যাপক শাহ মোঃ ফারুক উপাচার্য পদে আসীন হবার পরে তার বা সিন্ডিকেট মনোনয়ন দ্বারা পূরণযোগ্য সকল গুরুত্বপূর্ণ দায়িত্বে বিএনপি সমর্থিত 'সোনালী দলের' অনুগত শিক্ষকদের নিয়োগ করে বিশ্ববিদ্যালয়কে দলীয় সম্পত্তিতে পরিণত করা হয়েছে। এছাড়া ছাত্রদলের সন্ত্রাসী কর্তৃক শিক্ষক, কর্মচারী-কর্মকর্তাদের ওপর হামলার বিচার না করে প্রত্যক্ষভাবে সন্ত্রাস লালনে মদদ জোগাচ্ছেন উপাচার্য। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে প্রার্থীর মেধার পরিবর্তে দলীয় আনুগত্য এবং দলীয় নেতাদের সাথে আত্মীয়তার সম্পর্ককে প্রধান যোগ্যতা হিসেবে বিবেচনা করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে স্মারকলিপিতে।

অর্থনৈতিক দুর্নীতির ব্যাপারে বলা হয়েছে, অর্থের বিনিময়ে প্রয়োজনাতিরিক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ করা হচ্ছে।